# প্রভুর ভোজ

## প্রভুর ভোজের সামনে বিশ্বাসীরা প্রভুর উপস্থিতি অনুভব করে

যারা শিশুদের শিক্ষা দেবে তারা অবশ্যই পাঠ করবে L3b অধ্যায়ণটি

**'যারা পরিচালনা করেন এবং দলগত উপাসনায় পরিকল্পনা করেন তারা যদি'**
**এই সংক্রান্ত নির্দেশনামা এখনও পাঠ না করে থাকেন তবে (ভূমিকা, অধ্যায়ণ a0e), দয়াকরে এখনই তা পাঠ করুন।**

**প্রার্থনা ঃ** ''প্রভু যীশু এখন তোমার ক্ষমাশীল অনুগ্রহ এবং জীবন দানকারী আত্মা আমাকে ও আমার দলকে অনুভব করতে দাও।এখন আমরা তোমার স্মরনার্থে পানপাত্র ও রুটি গ্রহন করব।''

১. **আপনার দলকে প্রভুর ভোজ পরিবেশনের জন্য ঈশ্বরের বাক্য দ্বারা নিজের হৃদয় ও মনকে প্রস্তুত করুন।**

বিংশ শতাব্দী ধরে প্রভুর মেজকে প্রভুর ভোজও বলা হয়ে থাকে খ্রীষ্টিয় উপাসনার মধ্য স্থানে প্রভুর ভোজ ও রুটি রাখা থাকে।

**পশ্চাদপট**



- কিছু মন্ডলী এটা ভুল করে যে, পানপাত্র এবং রুটি সত্যিকরে খ্রীষ্টের শরীর ও রক্তে পরিণত ওয়।
- অন্য মন্ডলীরা এটা বলে ভুল করে যে পানপাত্র এবং রুটির কেবল মাত্র স্মরনীয় এবং এগুলি আমাদের জন্য অদৌ কিছু করতে পারে না।
- যখন আপনি নীচের বাইবেলের অংশগুলি পাঠ করবেন, আপনি দেখবেন ঈশ্বরের বাক্য এই বিষয়ে আমাদের কি বলছে।



**যাত্রাপুস্তক ১২ঃ২১-২৮ পদে দেখুন ...**

- মিশরে কোন লোকদের 'নিস্তারপর্ব্বীয়' বলি প্রস্তুতের অদেশ দেওয়া হয়েছিল।
- বলির রক্ত দিয়ে তারা কি করেছিল।
- যারা নিস্তারণর্ব্বীয় বলি প্রস্তুত করেছিল তাদের জন্য ঈশ্বর কি করেছিল।

**যাত্রাপুস্তক ১৬ঃ২-৫ পদে দেখুন ...**

- ইস্রায়েলীয় লোকেরা যখন মোশির সঙ্গে লম্বা পথ যাচ্ছিল তখন তারা কি বিষয়ে উদ্বিগ্ন হয়েছিল।
- লোকের চাহিদা পূরনের জন্য ঈশ্বর কি যোগান দিয়েছিল।
- যাত্রাপুস্তক ১৬ঃ ৩০-৩১ পদে দেখুন ঈশ্বর যে রুটি বিনামূল্যে দিয়েছিল লোকেরা তার কি নাম দিয়েছিল।

**মার্ক ৮ঃ১-৯ পদে দেখুন ...**

- যীশু সেইসমস্ত লোকদের সম্বন্ধে কি ভাবলেন যারা তাঁর উপদেশ শুনছিল।
- যেখানে লোকেরা যীশুর কথা শুনছিল সেটা কি ধরনের জায়গা ছিল (৪ পদ দেখুন)
- লোকের চাহিদা পূরনের জন্য যীশু কি ব্যবস্থা করেছিলেন।

**যোহন ৬ঃ২৫-৩৬ পদে দেখুন ...**

- যীশু কিভাবে ইস্রায়েলীয় নেতা মোশির মত, যখন তাঁদের ঈশ্বর অলৌকিক মান্না দিয়েছিলেন।
- যীশু কিভাবে মোশীর থেকে মহান।

**যোহন ৬ঃ৪৮-৫১ পদে দেখুন ...**

- যারা যীশুকে বিশ্বাস করেন তাদের জন্য যীশুর প্রতিজ্ঞা কি ছিল।

**যোহন ৬ঃ৫২-৬৪ পদে দেখুন ...**

- যারা যীশুর মাংস ও রক্ত ''ভোজন'' ও ''পান'' করে তাদের জন্য যীশু কি প্রতিজ্ঞা করেছিলেন।
- যীশু আরও কি দেবার প্রতিজ্ঞা করেছিলেন যারা তাঁকে ''ভোজন'' ও ''পান'' করবে।
- কিভাবে মানুষ খ্রীষ্টকে ''ভোজন'' ও ''পান'' করতে পারে (৬৩, ৬৪ পদ দেখুন)।

**মথি ২৬ঃ২৬-২৯ পদে দেখুন ...**

- যীশু ও তাঁর শিষ্যেরা যখন নিস্তারর্ব্বীয় খাদ্য গ্রহন করছিল তখন কি ঘটেছিল।
- যীশু নিস্তারর্ব্বীয় পানপাত্রকে কি বলেছিলেন।
- যীশু তাঁর অনুসরণকারীদের কি করতে বলেছিলেন।

**১ করিন্থীয় ১০ঃ১৬-২২ পদে দেখুন ...**

- যখন বিশ্বাসীরা প্রভুর ভোজের পানপাত্র থেকে পান করছিল তখন কি ঘটেছিল।
- যখন শ্বিাসীরা প্রভুর ভোজের রুটি ভোজন করছিল তখন কি টেছিল।
- বিশ্বাসীদের কি বিপদ ঘনিয়ে আসে যখন তারা পৌত্তলিকতার বলি গ্রহন করে।

**১ করিন্থীয় ১১ঃ২৫-৩৪ পদে দেখুন ...**

- কিভাবে প্রভুর ভোজ গ্রহন একটি গুরুত্বপূর্ণ বার্তা বলার মত (২৬ পদ)
- প্রভুর ভোজ গ্রহনের পূর্বে বিশ্বাসীদের অবশ্যই কি করা উচিৎ। (২৭ এবং ২৮ পদ)
- অন্য বিশ্বাসীদের প্রতি প্রেম প্রদর্শন ব্যতীত প্রভুর ভোজ গ্রহন করলে আমাদের জন্য কি বিপদ অপেক্ষা করে।

২. **আগামী সপ্তাহের কার্যকলাপের জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

যে সমস্ত অসুস্থ ও দুর্বল ব্যক্তিরা নিয়মিত উপাসনায় আসতে পারে না তাদের জন্য পরিচারকদের মাধ্যমে প্রভুর ভোজের ব্যবস্থা করুন।

যদি কোন বিশ্বাসী প্রভুর ভোজের গুরুত্বকে সম্মান প্রদর্শন না করে, তবে তার সঙ্গেঁ আলোচনা করে বলুন প্রভুর ভোজ গ্রহনের সময় খ্রীষ্টের দেহ ও রক্তকে সম্মান প্রদর্শন করতে।

আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন যাতে যারা প্রভুর ভোজ পরিবেশন করবে তারা যেন যীশু ও পৌলের মত অন্যদের মনের উপর দাগ রাখতে পারে।

আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করে পথ বার করুন যেন যারা প্রভুর ভোজ পরিবেশন করবে তারা অন্য বিশ্বাসীদের এই অনুষ্ঠানে খ্রীষ্টের উপস্থিতি অনুভব করতে সাহায্য করে।

পরিকল্পনা করুন সব উপাসনার নেতৃবর্গ এবং পরিবারের কর্তাদের প্রভুর ভোজ পরিবেশনের জন্য প্রশিক্ষণ দেবার জন্য কোন রকম ব্যাখ্যার চেষ্টা না করে বা (রুটি এবং পানপাত্র তাদের জন্য কথা বলবে যেহেতু পবিত্র আত্মা বিশ্বাসীদের হৃদয়ে কাজ করবে।)

৩. **আসন্ন উপাসনার জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিচালনা করুন।**


ছোট ছেলেমেয়েরা যে নাটক, কবিতা এবং প্রশ্ন প্রস্তুত করেছে সেগুলি পরিবেশন করবে।

১ পর্বে যেগুলি পেয়েছেন তা বলুন অথবা অভিনয় করুন। যা পেয়েছেন সেই সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

- যিহুদী নিস্তারপর্ব, যাত্রাপুস্তক ১২ঃ২১-২৮
- স্বর্গ থেকে আগত রুটি, যাত্রাপুস্তক ১৬ঃ২-৫ এবং ৩০-৩১
- যীশু ৪০০০ লোককে খাওয়ান, মার্ক ৮ঃ১-৯
- যীশু লোকদের তাঁর মাংস খেতে বলেন, এবং তিনি বিশ্বাসীদের কি প্রতিজ্ঞা করেছিলেন, যোহন ৬ঃ২৫-৩৬ এবং ৪৮-৬৪
- যীশু প্রভুর ভোজ পর্বের প্রতিষ্ঠা করেন, মথি ২৬ঃ২৬-২৯
- প্রকৃতপক্ষে প্রভুর ভোজে কি খাওয়া ও পান করা হয়, ১ কবিন্থীয় ১০ঃ১৬-২২
- প্রভুর ভোজ গ্রহনের পূর্বে কেন আমরা পাপস্বীকার করব, ১ করিন্থীয় ১১ঃ২৫-৩৪

যদি কোন বিশ্বাসী ভাল গান করতে পারে এবং যীশুর ক্রুশের বিষয়ে ভাল গান জানে তবে তাকে অন্যদের গান শিখাতে এবং গান করার সময় নেতৃত্ব দিতে দিন। যদি জোরে গান করা বিপদজনক হয় তবে আস্তে গান করুন।

প্রভুর ভোজ পরিবেশনের সময় আদিপুস্তক ৪ঃ৪-১৪ পদ পড়ুন অথবা আদমের সন্তানের বিষয়ে বলুন, হেবল, যে ঈশ্বরের উদ্দেশ্যে দানের প্রথাজাত পশুর রক্ত উৎসর্গ করেছিল। ব্যাখ্যা করে বলুন যীশু যিনি নিস্পাপ ছিলেন, তাঁর উৎসর্গ আমাদের ঈশ্বরের কাছে নিয়ে আসে। রুটি এবং পানপাত্র গ্রহনের পূর্বে, ঈশ্বরের কাছে নীরবে পাপ স্বীকারের জন্য বিশ্বাসীদের সময় দিন অথবা উচ্চস্বরে কোন দলকে, যদি তারা জনগনের উদ্দেশ্যে কোন পাপ করে থাকে।



একসঙ্গে মুখস্থ করুন **১ যোহন ১ঃ৭-৯ পদ।**

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net